

ভবিষ্যৎ পরিকল্পনা

বর্তমান বিশ্বে সরকারি ও বেসরকারি পরিকল্পনা প্রণয়ন এবং উন্নয়ন প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন ও মূল্যায়নের ক্ষেত্রে পরিসংখ্যানের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ২০০০ সালে গৃহীত ‘সহস্রাব্দ উন্নয়নলক্ষ্য মাত্রা (Millennium Development Goals-MDG) এর বিভিন্ন সূচক পরিসংখ্যানের উপর ভিত্তি করে চূড়ান্ত করা হয়। এরই ধারাবাহিকতায় গৃহীত টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals-SDG)-এর অগ্রগতি মূল্যায়নে পরিসংখ্যানের গুরুত্ব অনেক বৃদ্ধি পেয়েছে। এ লক্ষ্যে একটি ‘নতুন তথ্য বিপ্লব’ (New Data Revolution) এর আহ্বান জানানো হয়েছে এবং সার্বিক পরিসংখ্যান ব্যবস্থার উন্নয়নের জন্য সহযোগিতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। বর্তমানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এসব পরিকল্পনা বাস্তবায়নের কাজ করছে। এছাড়াও প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ২০১৬-২০২০, রূপকল্প ২০২১, রূপকল্প ২০৪১, ডেল্টা প্ল্যানসহ সকল জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক রোডম্যাপের সাথে সামঞ্জস্যপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন করার কাজে সদা নিয়োজিত বিবিএস। বিবিএস-এর মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ তথা বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, জেলা পরিসংখ্যান কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কার্যালয় সদর দপ্তর হতে গৃহীত পরিকল্পনা অনুযায়ী তথ্য-উপাত্ত সংগ্রহ ও পরিসংখ্যানিক কাজে সহায়তা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ।